কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
বীজ প্রত্যয়ন এজেন্সী
পরিকল্পনা,বাস্তবায়ন ও মূল্যায়ন শাখা
গাজীপুর-১৭০১
www.sca.gov.bd

তারিখ: ৯ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২৩ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ১২.০৪.০০০০.০০৭.৪৪.০০১.১৭.১০৯

**বিষয়: e-challan (অনলাইন চালান)/ a-challan (অটোমেটেড চালান) এর মাধ্যমে অর্থ/ ফি প্রদানে বীজ প্রত্যয়ন এজেন্সীর কোড নির্দিষ্টকরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বীজের মান নিয়ন্ত্রণকারী সংস্থা হিসেবে কৃষি মন্ত্রণালয়ের আওতাধান বীজ প্রত্যয়ন এজেন্সী বীজ আইন, ২০১৮ এবং বীজ বিধিমালা, ২০২০ মোতাবেক সরকারি ও বেসরকারী বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদিত বীজ প্রত্যয়নের উদ্দেশ্যে মাঠ প্রত্যয়ন ও বীজ পরীক্ষাপূর্বক প্রত্যয়ন ট্যাগ প্রদান করে থাকে। উপরন্তু অত্র সংস্থা জাত ছাড়করণের উদ্দেশ্যে প্রার্থিত জাতের ডিইউএস (DUS- Distinctness, Uniformity & Stability) এবং ভিসিইউ (VCU-Value for Cultivation & Use) পরীক্ষা ও ট্রায়াল বাস্তবায়ন করে থাকে। বর্তমানে উল্লিখিত পরীক্ষা ও ট্রায়াল বাস্তবায়ন এবং মাঠ প্রত্যয়ন, বীজ পরীক্ষা সেবা ও বীজ প্রত্যয়ন ট্যাগ প্রাপ্তির লক্ষ্যে সেবা গ্রহীতাগণ পুরাতন চালান কোড ব্যবহার করে অর্থ/ ফি প্রদান করে থাকেন যা অনেক সময় ব্যাংক কর্তৃক স্বীকৃত হয় না বিধায় e-challan (অনলাইন চালান)/ a-challan (অটোমেটেড চালান) এর মাধ্যমে একদিকে অর্থ/ ফি প্রদান সহজিকরণ হবে এবং অপরদিকে সেবা গ্রহীতা পর্যায়ে সময় ও অর্থের সাশ্রয় হবে।

এমতাবস্থায়, বীজ প্রত্যয়ন এজেন্সী কর্তৃক প্রদত্ত সেবা গ্রহণে e-challan (অনলাইন চালান)/ a-challan (অটোমেটেড চালান) সিস্টেমের মাধ্যমে অর্থ/ ফি প্রদানে নিম্নবর্ণিত অর্থনৈতিক চালান কোড ও খাতসমূহ ব্যবহারের জন্য সকলকে অনুরোধ করা হলো।

**প্রাতিষ্ঠানিক কোড : ১৪৩০৩ সংস্থা: বীজ প্রত্যয়ন এজেন্সী**

| ক্রমিক | কোডের বিবরণ | পরিবর্তিত চালান কোড |
|---|---|---|
| ১. | বীজ প্রত্যয়ন ফি, বীজ প্রত্যয়ন ট্যাগ ফি | ১৪২২৩২১ |
| ২. | টেস্টিং ফি {বীজ পরীক্ষা, ডিইউএস (DUS) এবং ভিসিইউ (VCU) পরীক্ষা} | ১৪২২৩২৯ |

২৩-০১-২০২৪
আহমেদ শাফী
পরিচালক
+৮৮০-২-৪৯২৭২২০০
dir.sca.gov.bd@gmail.com

**বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপ-পরিচালক, মান নিয়ন্ত্রণ শাখা, বীজ প্রত্যয়ন এজেন্সী;

২। উপপরিচালক (জাত পরীক্ষা), মান নিয়ন্ত্রণ শাখা, বীজ প্রত্যয়ন এজেন্সী এবং

৩। জেলা বীজ প্রত্যয়ন অফিসার ........(সকল), বীজ প্রত্যয়ন এজেন্সী............ জেলা (সকল)।

তারিখ: ৯ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২৩ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ১২.০৪.০০০০.০০৭.৪৪.০০১.১৭.১০৯/১ (১)